



ডিএনসিসি প্রশাসক পদ থেকে অব্যাহতি দিলো এজাজকে



ছবি: সংগৃহীত

ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসকের পদে পরিবর্তন আনা হয়েছে। মোহাম্মদ এজাজকে সরিয়ে দিয়ে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব সুরাইয়া আক্তার জাহানকে এ দায়িত্ব দেওয়া হয়েছে।

সোমবার সকালে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি হয়। এতে যুগ্ম সচিব মাহবুবা আইরিনের স্বাক্ষর রয়েছে। প্রজ্ঞাপনে জানানো হয়, স্থানীয় সরকার (সিটি করপোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪-এর ধারা ২৫ক (১) অনুযায়ী পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সুরাইয়া আক্তার জাহান ডিএনসিসির প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করবেন।

নতুন দায়িত্বে তিনি মেয়রের ক্ষমতা প্রয়োগ করবেন এবং সংশ্লিষ্ট প্রশাসনিক কাজ সম্পাদন করবেন। নিজ দাপ্তরিক পদে বহাল থেকে অতিরিক্ত দায়িত্ব হিসেবে এ দায়িত্ব পালন করবেন এবং বিধি অনুযায়ী শুধু দায়িত্বভাড়া গ্রহণ করবেন। অন্য কোনো আর্থিক সুবিধা তার জন্য প্রযোজ্য হবে না।

গত বছরের ১২ ফেব্রুয়ারি রিভার অ্যান্ড ডেল্টা রিসার্চ সেন্টারের চেয়ারম্যান মোহাম্মদ এজাজকে ডিএনসিসির প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছিল।

এর আগে, গত ১ ফেব্রুয়ারি দুর্নীতি দমন কমিশনের আবেদনের পর আদালত মোহাম্মদ এজাজের বিদেশ ভ্রমণে নিষেধাজ্ঞা দেন।